

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

নং- ৩৩.০২.০০০০.৯২৯.৩২.০০১.১৪-৯৭

তারিখ: ১২/০৩/২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয়: ২০১৬-১৭ আর্থিক সালে উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্পের আওতায় বিল নার্সারি স্থাপন কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ আর্থিক সালে উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্পের আওতায় বিল নার্সারি স্থাপন কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রকল্পভুক্ত ৬০টি জেলায় ৯১৯টি বিল/জলাশয়ে ৯১৮.৯০ লক্ষ (নয় কোটি আঠারো লক্ষ নব্বই হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা অনুসারে বিল নার্সারি স্থাপন কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২. বিল নার্সারি বিল/জলাশয়ের অভ্যন্তরে অথবা বিল সংলগ্ন জলাধারে স্থাপন করতে হবে যাতে বর্ষাকালে নার্সারি প্লাবিত হয়ে বা পাড় কেটে দিলে পোনা মাছ বিলে/জলাশয়ে ছড়িয়ে পড়তে পারে। কোন অবস্থাতেই সংশ্লিষ্ট বিল/জলাশয় থেকে দুরবর্তী কোন জলাশয়ে বিল নার্সারি স্থাপন করা যাবে না।
৩. বিল নার্সারির আয়তন ১ (এক) হেক্টর হতে হবে।
৪. সাইনবোর্ড স্থাপন ব্যতিরেকে বিল নার্সারি স্থাপন কার্যক্রম কোনক্রমেই বাস্তবায়ন করা যাবে না। জলাশয়ের তীরে ৪ ফুট x ৩ ফুট আকারের একটি সাইনবোর্ড স্থাপন করতে হবে। সাইনবোর্ডটির খুঁটি মাটির ভিতরে কংক্রিট দিয়ে স্থাপন করে মজবুত ও টেকসই ফ্রেম (এ্যাংগেল বার, স্টীল সীট, জি. আই পাইপ প্রভৃতি) ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই বাঁশের খুঁটি ব্যবহার করা যাবে না এবং সাইনবোর্ড কোন গাছের গায়ে স্থাপন করা যাবে না। সাইনবোর্ডে সুফলভোগি দলনেতার নাম ও মোবাইল নম্বর উল্লেখ থাকতে হবে।
৫. বিল/জলাশয়ের তীরবর্তী/নিকটবর্তী গ্রামের মৎস্যজীবী, মৎস্যচাষি, ভূমি মালিক, ভূমিহীন, দরিদ্র, মহিলা সমন্বয়ে সুফলভোগি দল গঠন করে রেজিস্ট্রেশনের আওতায় আনতে হবে।

১২/৩/১৭
মো: মিজানুর রহমান

প্রকল্প পরিচালক

ফোন : ০২-৯৫৮৬৬৬৯

ফ্যাক্স : ০২-৯৫৮৬৬৬৮

ইমেইলঃ- mrbe47@gmail.com

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

.....

নং- ৩৩.০২.০০০০.৯২৯.৩২.০০১.১৪-৯৭/১(৫৩৬)

তারিখ: ১২/০৩/২০১৭ খ্রিষ্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিকল্পনা ও জরিপ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. উপ-পরিচালক (প্রশাসন)/(অর্থ ও পরিকল্পনা)/(মৎস্যচাষ)/(ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪. বিভাগীয় উপ পরিচালক (সকল), মৎস্য অধিদপ্তর।
৫. জেলা মৎস্য কর্মকর্তা (সকল) (সাতক্ষীরা, বরগুনা, কক্সবাজার ও মেহেরপুর জেলা ব্যতিত)।
৬. সহকারী পরিচালক (আইসিটি শাখা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭. সংশ্লিষ্ট নথি।

সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে বিল নার্সারি স্থাপনে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১২/৩/১৭
মো: মিজানুর রহমান
প্রকল্প পরিচালক